গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
(শতভাগ সরকারি মালিকানাধীন মেট্রোরেলের স্বত্বাধিকারী প্রতিষ্ঠান)
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.০০২.১১.০০৫.২১-১০৪৯

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

## বিশেষ নিয়োগ বিজ্ঞপ্তি-০২

শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর নিম্নলিখিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে পদের পার্শ্বে উল্লিখিত কোম্পানির বেতন স্কেলে যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন **৬২ বছর বয়স পর্যন্ত** বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে:

| Serial | Name of the Post | Number of Post | Company Pay Grade | Qualification | Experience |
|---|---|---|---|---|---|
| 1 | General Manager (Stores and Procurement) | 1 | 4 | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অথবা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অথবা ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি | মিড লেভেলে স্টোর ও প্রকিউরমেন্ট কাজে অন্যূন ০৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ কোনো সরকারি/বিধিবদ্ধ সংস্থা/সরকারি কোম্পানি অথবা খ্যাতি সম্পন্ন বেসরকারি কোম্পানিতে ২৫(পঁচিশ) বৎসরের কর্ম অভিজ্ঞতা। পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এবং Bangladesh e-Government Procurement (e-GP) Guidelines 2011 এর উপর প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| 2 | General Manager (Signalling and Telecommunication) | 1 | 4 | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অথবা ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং অথবা ইলেকট্রনিক এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি | মিড লেভেলে সিগন্যালিং এন্ড টেলিকমিউনিকেশন কাজে ০৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ কোনো সরকারি/বিধিবদ্ধ সংস্থা/সরকারি কোম্পানি অথবা খ্যাতি সম্পন্ন বেসরকারি কোম্পানিতে ২৫ (পঁচিশ) বৎসরের কর্ম অভিজ্ঞতা। Mass Rapid Transit (MRT) বা রেলওয়ে সিগন্যালিং কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| 3 | General Manager (Rolling Stock) | 1 | 4 | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি | মিড লেভেলে Mass Rapid Transit (MRT) বা রেলওয়ে অপারেশন এন্ড মেইনটেন্যান্স কাজে ০৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ ২৫ (পঁচিশ) বৎসরের কর্ম অভিজ্ঞতা। রোলিং স্টক রক্ষণাবেক্ষণ ও ওয়ার্কসপ ব্যবস্থাপনা কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| 4 | General Manager (Electrical) | 1 | 4 | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি | মিড লেভেলে বিদ্যুৎ সঞ্চালন ও বিতরণ কাজে ০৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ কোনো সরকারি/বিধিবদ্ধ সংস্থা/সরকারি কোম্পানি অথবা খ্যাতি সম্পন্ন বেসরকারি কোম্পানিতে ইলেকট্রিক্যাল কাজে ২৫ (পঁচিশ) বৎসরের কর্ম অভিজ্ঞতা। Mass Rapid Transit (MRT) বা রেলওয়ে কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| 5 | General Manager (Finance and Accounts) | 1 | 4 | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাববিজ্ঞান/ফিন্যান্স-এ প্রথম শ্রেণির সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা হিসাববিজ্ঞান/ফিন্যান্স-এ major সহ প্রথম শ্রেণির BBA ও MBA অথবা Charterd Accountant (CA) অথবা Fellow Charterd Accountant (FCA) অথবা Institute of Cost and Management Accountants of Bangladesh (ICMAB) ডিগ্রি। তবে ক্যাডার সার্ভিসের প্রার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ সিভিল সার্ভিস (বিসিএস) এর নিয়োগ পরীক্ষার জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য হবে। | মিড লেভেলে ০৩(তিন) বৎসর কাজের বাস্তব অভিজ্ঞতাসহ কোনো সরকারি/বিধিবদ্ধ সংস্থা/সরকারি কোম্পানি অথবা খ্যাতি সম্পন্ন বেসরকারি কোম্পানিতে অর্থ ও হিসাব সম্পর্কিত কাজে ২৫ (পঁচিশ) বৎসরের কর্ম অভিজ্ঞতা। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| Serial | Name of the Post | Number of Post | Company Pay Grade | Qualification | Experience |
|---|---|---|---|---|---|
| 6 | Principal<br>MRT Training Center | 1 | 4 | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অথবা ইলেট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অথবা সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রথম শ্রেণির সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি<br>অথবা<br>ক্যাডার সার্ভিসের প্রার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ সিভিল সার্ভিস (বিসিএস) এর নিয়োগ পরীক্ষার জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা | কোনো প্রশিক্ষণ প্রতিষ্ঠানে মিড লেভেলে অন্যূন ০৩(তিন) বৎসর কাজের বাস্তব অভিজ্ঞতাসহ কোনো সরকারি/বিধিবদ্ধ সংস্থা/সরকারি কোম্পানি অথবা খ্যাতি সম্পন্ন বেসরকারি কোম্পানিতে ২৫(পঁচিশ) বৎসরের কর্ম অভিজ্ঞতা। Mass Rapid Transit (MRT) বা রেলওয়ে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ এবং প্রশিক্ষণ প্রদানে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| 7 | Manager<br>(Permanent Way and Civil) | 1 | 6 | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি | কোনো সরকারি/বিধিবদ্ধ সংস্থা/সরকারি কোম্পানি অথবা খ্যাতি সম্পন্ন বেসরকারি কোম্পানিতে পূর্ত কাজে ১৫ (পনের) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। Mass Rapid Transit (MRT) বা রেলওয়েতে Permanent Way কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| 8 | Chief Traffic Controller | 2 | 10 | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে বিজ্ঞান অনুষদে স্নাতক ডিগ্রি | Mass Rapid Transit (MRT) বা রেলওয়েতে সংশ্লিষ্ট ক্ষেত্রে ১০(দশ) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| 9 | Chief Crew Controller | 1 | 10 | ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা | Mass Rapid Transit (MRT) বা রেলওয়েতে সংশ্লিষ্ট ক্ষেত্রে ১০(দশ) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| 10 | Chief Depot Controller | 1 | | | |
| 11 | Chief Driving Inspector | 1 | | | |
| 12 | Chief Traction Power Controller (CTPC) | 1 | 10 | ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা | Mass Rapid Transit (MRT) বা রেলওয়েতে সংশ্লিষ্ট কাজে ১০(দশ) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| 13 | Senior Section Engineer (RS Inspection Monitoring) | 2 | 10 | ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা | Mass Rapid Transit (MRT) বা রেলওয়ে সংশ্লিষ্ট কাজে ১০(দশ) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| 14 | Senior Section Engineer (RS Electrical) | 2 | 10 | ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা | Mass Rapid Transit (MRT) বা রেলওয়ে সংশ্লিষ্ট কাজে ১০(দশ) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| 15 | Senior Section Engineer (RS Mechanical) [Aircon/Door/Pneumatics] | 4 | 10 | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা | Mass Rapid Transit (MRT) বা রেলওয়ে সংশ্লিষ্ট কাজে ১০(দশ) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| 16 | Senior Section Engineer (Mill Wright) | 1 | 10 | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা | Mass Rapid Transit (MRT) বা রেলওয়ে মেশিন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে ১০(দশ) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| 17 | Senior Section Engineer (OCS Monitoring) | 1 | 10 | ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা | Mass Rapid Transit (MRT) বা রেলওয়েতে সংশ্লিষ্ট কাজে ১০(দশ) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| 18 | Senior Section Engineer (E&M) | 2 | 10 | ইলেকট্রিক্যাল অথবা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা | Mass Rapid Transit (MRT) বা রেলওয়েতে সংশ্লিষ্ট কাজে ১০(দশ) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| 19 | Senior Section Engineer (Stores) | 1 | 10 | ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা | Mass Rapid Transit (MRT) বা রেলওয়ে স্টোর কাজে ১০(দশ) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| | **Total=** | **26** | | | |

**বিশেষ দ্রষ্টব্য:** ক্রম-৮ থেকে ক্রম-১৯ পর্যন্ত পদসমূহে নিয়োগপ্রাপ্ত হলে চাকরির প্রথমে একত্রে ০৩(তিন)টি ইনক্রিমেন্ট প্রদান করা হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

শর্তসমূহঃ

১. প্রার্থীকে Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর নির্ধারিত চাকরির আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমের নমুনা Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর website: www.dmtcl.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

২. নিয়োগ বিজ্ঞপ্তি বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়নের ওয়েবসাইট www.bangladesh.gov.bd, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েবসাইট www.rthd.gov.bd এবং Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর ওয়েবসাইট www.dmtcl.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

৩. সুস্বাস্থ্যের অধিকারী যাচিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন কর্মঠ অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণও আবেদন করতে পারবেন।

৪. ক্রম-১ থেকে ক্রম-৬ এর পদসমূহে শিক্ষাক্ষেত্রে কোনো পর্যায়ে ৩য় শ্রেণী/বিভাগ এবং সমমানের জিপিএ ফলাফল প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই।

৫. আবেদনপত্রের সঙ্গে আবেদনকারীকে অবশ্যই নিম্নলিখিত কাগজপত্রাদি **প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নাম ও সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত** করে সংযুক্ত করতে হবে। অন্যথায় আবেদন বাতিল বলে গণ্য হবে:
   (ক) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি রঙিন ছবি;
   (খ) প্রযোজ্য ক্ষেত্রে চাকরির বিবরণী অথবা আইডি নম্বরসহ Personal Data Sheet;
   (গ) জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি;
   (ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়ালিপি; এবং
   (ঙ) সকল প্রশিক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে) ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সনদপত্রের ছায়ালিপি।

৬. একজন প্রার্থী কেবলমাত্র ০১(এক)টি পদে আবেদন করতে পারবেন। তবে কোম্পানি কর্তৃপক্ষ প্রয়োজনে একই যোগ্যতা ও অজ্ঞিতাসম্পন্ন এবং সকল ধাপে উত্তীর্ণ প্রার্থীকে কোম্পানির একই Pay Grade-এর সমপদে অথবা প্রার্থীর সম্মতি সাপেক্ষে অন্য Pay Grade-এর পদে শিক্ষানবিশ হিসেবে নিয়োগ করতে পারবে।

৭. **'ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড'**-এর অনুকূলে ক্রম-১ থেকে ক্রম-৭ পর্যন্ত প্রার্থীদের ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকার এবং ক্রম-৮ থেকে ক্রম-১৯ পর্যন্ত প্রার্থীদের ১০০০/- (এক হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সোনালী ব্যাংকের যে কোনো শাখা হতে করে মূল কপি আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।

৮. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী নিয়োগ বিজ্ঞপ্তির তারিখ পর্যন্ত প্রার্থীর বয়স গণনা করা হবে। বয়সের অন্য কোনো প্রমাণক গ্রহণযোগ্য হবে না।

৯. খামের উপর বাম দিকে **পদের নাম ও বিশেষ নিয়োগ বিজ্ঞপ্তি-২** উল্লেখ করতে হবে।

১০. কর্মরত আগ্রহী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১১. আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর একটি সংক্ষিপ্ত তালিকা প্রণয়ন করা হবে। কেবলমাত্র সংক্ষিপ্ত তালিকার প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

১২. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩. চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে কোম্পানির নির্ধারিত চিকিৎসক/চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

১৪. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয় পত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার মূল কপি ও চাকরির বিবরণী অথবা আইডি নম্বরসহ Personal Data Sheet (PDS) প্রদর্শন করতে হবে।

১৫. আবেদনপত্র যাচাই-বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কোম্পানি কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে এবং কোম্পানি কর্তৃপক্ষ ইচ্ছা করলে পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবে।

১৬. যে কোনো বা সকল দরখাস্ত বা নিয়োগ কার্যক্রম বাতিল করার ক্ষমতা কোম্পানি কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৭. কোম্পানি কর্তৃপক্ষ, সরকারী বিধি-বিধানের সঙ্গে সাংঘর্ষিক নয় এমন কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে। কোম্পানি কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক সংশোধন বা সম্পূর্ণ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৮. চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে কোম্পানিতে যোগদানের সময় ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা ও মুচলেকা সম্পাদন করতে হবে।

১৯. কোনো তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২০. যে কোনো ধরণের তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

২১. (ক) আবেদনপত্র আগামী **১০ এপ্রিল ২০২২** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে কেবলমাত্র ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে **ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, ৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০**-এর বরাবরে পৌঁছাতে হবে।
   (খ) হাতে হাতে কোনো আবেদনপত্র দাখিল করা যাবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
   (গ) প্রার্থীকে নিজের বর্তমান ঠিকানা স্পষ্টভাবে ৯" × ৪" আকারের খামের উপরে লিখে বা টাইপ করে এতে ১০ টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেট লাগিয়ে আবেদনপত্রের সঙ্গে অবশ্যই দাখিল করতে হবে।

২২. উপরের **ক্রমিক-১ থেকে ক্রমিক-২১ এর** শর্তসমূহ পূরণকারী Non-Resident Bangladeshi (NRB) গণও আবেদন করতে পারবেন। এই ক্ষেত্রে আবেদনের সঙ্গে প্রার্থীকে Non-Resident Bangladeshi (NRB) হিসেবে **প্রমাণপত্রের ছায়ালিপি** সংশ্লিষ্ট বাংলাদেশ মিশন হতে **সত্যায়িত** করে আবেদনের সঙ্গে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।

২৩. উপরের **ক্রমিক-১ থেকে ক্রমিক-২১ এ বর্ণিত** শর্তসমূহ পূরণকারী তৃতীয় লিঙ্গের প্রার্থীগণও আবেদন করতে পারবেন।

২৪. প্রথমে ০১(এক) বৎসরের প্রবেশনে (শিক্ষানবিশকাল) নিয়োগ প্রদান করা হবে। শিক্ষানবিশকালে কর্মসক্ষমতা ও দক্ষতা সন্তোষজনক না হলে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো সময় চাকরি হতে অব্যাহতি দেয়া হবে। প্রবেশনকাল সফলতার সঙ্গে সম্পন্ন করলে চাকরি নিশ্চিত করে পরবর্তী ০২(দুই) বৎসরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে। ব্যক্তিগত সুস্থতা, কর্মসক্ষমতা ও দক্ষতা মূল্যায়নের ভিত্তিতে পরবর্তিতে চাকরি চুক্তি নবায়ন করা যেতে পারে।

২০.৩.২০২২

**মোহাম্মদ আবদুর রউফ**
কোম্পানি সচিব